জীবনে পরম লগন    কোরো না হেলা
        কোরো না হেলা    হে গরবিনী ।
বৃথাই কাটিবে বেলা,     সাঙ্গ হবে যে খেলা,
সুধার হাটে ফুরাবে বিকিকিনি    হে গরবিনী ॥
        মনের মানুষ লুকিয়ে আসে,    দাঁড়ায় পাশে,   হায়
        হেসে চলে যায় জোয়ারজলে    ভাসিয়ে ভেলা—
দুর্লভ ধনে দুঃখের পণে লও গো জিনি,    হে গরবিনী ॥
        ফাগুন যখন যাবে গো নিয়ে    ফুলের ডালা
কী দিয়ে তখন গাঁথিবে তোমার    বরণমালা ।
                হে বিরহিণী ।
        বাজবে বাঁশি দূরের হাওয়ায়,
    চোখের জলে শূন্যে চাওয়ায়    কাটবে প্রহর—
বাজবে বুকে বিদায়পথে চরণ-ফেলা    দিনযামিনী,
                হে গরবিনী ॥

---

Parjaay: Prem / Shyama, Taal: Dadra, Raag: Bhairavi
Visit www.geetabitan.com for notation and other detail